২(

তারিখ ... 05 NOV 1998 ...

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

দৈনিক ইনকিলাব

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

## বখশিবাজার, ঢাকা-১২১১

নং পরী/১৫৪/১০০০০/দা-৯৯ তারিখ ঃ ২৯-১০-৯৮ ইং

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ১৯৯৯ সনে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার দাখিলা ফরম গ্রহণ ও ফিসসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ, ফিস-এর হার ও নিয়মাবলী নিম্নে দেওয়া হল।

১. ক. মাদরাসা কর্তৃপক্ষকে বোর্ড হতে পরীক্ষার্থীদের পরীক্ষার এন্ট্রি ফরম SIF ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ ২০-১১-৯৮ হতে ৩০-১১-৯৮ পর্যন্ত।

খ. সকল গ্রুপের পরীক্ষার্থীর দাখিলা ফরম ও ফিস, বিলম্ব ফি ছাড়া অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ ০১-১২-৯৮ হতে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের শেষ তারিখ ২০-১২-৯৮ পর্যন্ত এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের শেষ তারিখ ২১-১২-৯৮ পর্যন্ত।

গ. পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা বিলম্ব ফিসহ সকল গ্রুপের পরীক্ষার্থীদের দাখিলা ফরম ও ফি অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ ২২-১২-৯৮ হতে ২৮-১২-৯৮ পর্যন্ত।

২. পরীক্ষার আবেদনপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট একই সঙ্গে অত্র বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিয়ে রসিদ গ্রহণ করে পরীক্ষা শাখায় সংশ্লিষ্ট সহকারীর নিকট হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই ডাকযোগে পাঠানো ফরম গ্রহণ করা হবে না।

৩. পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার দাখিলা ফরম SIF ফরম নিজ হাতে পূরণ করতে হবে।

৪. বিবরণী ফরমের ক্রমানুসারে দাখিল ফরম সাজিয়ে জমা দিতে হবে। SIF ফরম দাখিল ফরমের ক্রমিক অনুযায়ী সাজিয়ে আলাদাভাবে জমা দিতে হবে। কোন অবস্থাতেই তার ব্যতিক্রম করা চলবে না। দাখিলা ফরমে লিখিত তথ্যের (নাম, পিতার নাম, বয়স ইত্যাদি) সাথে বিবরণী SIF ফরম বৃত্ত ভরাটের লিখিত তথ্যের মধ্যে পূর্ণ সামঞ্জস্য থাকতে হবে। কোন অবস্থাতেই এর অন্যথা করা যাবে না।

৫. ১৯৯৮ সনের দাখিল পরীক্ষায় অকৃতকার্য, আরপি, মানোন্নয়ন সকল পরীক্ষার্থীকেই ১৯৯৯ সনে অনুষ্ঠিতব্য পরীক্ষার সিলেবাস ও বিষয় অনুযায়ী (আবশ্যিক ও ঐচ্ছিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬. অনিয়মিত (আরপি) পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র অথবা পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি মাদরাসা প্রধান কর্তৃক সত্যায়িত করে অবশ্যই দাখিলা ফরমের সাথে জমা করতে হবে। এরূপ পরীক্ষার্থীগণ কোন অবস্থাতেই মাদরাসা পরিবর্তন করতে পারবে না।

৭. প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি টুপি/ওড়না সম্বলিত ফটো মাদরাসা প্রধান কর্তৃক সত্যায়িত করতঃ দাখিলা ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে দিতে হবে।

৮. দাখিলা ফরমে ও বিবরণী ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে দাখিলা ফরম গ্রহণ করা হবে না। এ ধরনের কার্যক্রমের জন্য পরীক্ষার ফলাফল স্থগিতসহ মাদরাসা প্রধানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. **ফি-এর হার**

প্রতিপত্র ৩০/- (ত্রিশ) টাকা হারে ১০ বিষয়ের ফিস (৩০X১০)=৩০০/- (তিনশত) টাকা, মার্কশীট ফিস ৩০/- (ত্রিশ) টাকাসহ মোট (৩০০+৩০)=৩৩০ (তিনশত ত্রিশ) টাকা, অতিরিক্ত বিষয় থাকলে মোট (৩৩০+৩০)=৩৬০/- (তিনশত ষাট) টাকা, অনিয়মিত (আরপি) হলে অতিরিক্ত আরও ৬০/- (ষাট) টাকা, মৌখিক বা ব্যবহারিক থাকলে অতিরিক্ত ২০/- (বিশ) টাকা প্রতি পত্র, বেসিক ট্রেড থাকলে ৭ (সাত) টাকা, ক্রীড়া এ্যাফিলিয়েশন ফিস মাদরাসা প্রতি ১০০/- (একশত) টাকা, বিলম্ব ফিস ১০০/- (একশত) টাকা প্রতি পরীক্ষার্থী, জাতীয় শিক্ষা সপ্তাহ চাঁদা প্রতি পরীক্ষার্থী ৫/- (পাঁচ) টাকা।

১০. ১৯৯৯ সন হতে দাখিল পরীক্ষার কেন্দ্র ফিস সাধারণ বিভাগের প্রতি পরীক্ষার্থীর জন্য ১২৫/- (একশত পঁচিশ) টাকা ও অন্যান্য পরীক্ষার্থীর জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হল। কেন্দ্র ফিস কেন্দ্র কর্তৃপক্ষের প্রাপ্য।

১১. কেন্দ্র পরিবর্তন

শুধু নিয়মিত পরীক্ষার্থী, যাদের পিতার সরকারী চাকরিস্থল ১ অক্টোবর '৯৮-এর পর পরিবর্তন হয়েছে, তারা কেন্দ্র পরিবর্তনের আবেদন করতে পারবে। অবশ্য বদলি আদেশের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। কোন অবস্থাতেই অনিয়মিত (আরপি) ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাবে না। কেন্দ্র পরিবর্তন ফিস ৫০০/- (পাঁচশত) টাকা। কেন্দ্র পরিবর্তনের আবেদন ও ফিস অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ ৩১-১২-৯৮ (পূর্ব অনুমতিসাপেক্ষে)।

১৯৯৯ ইং সাল হইতে যে সকল থানায় কেন্দ্র আছে ঐ থানার সকল মাদরাসাকে ঐ থানায়ই পরীক্ষা দিতে হবে। (পূর্বে যেখানেই পরীক্ষা দেওয়া হউক না কেন)। যে থানায় কেন্দ্র নাই সেই থানার মাদরাসার পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট জেলাধীন নিকটবর্তী থানার কেন্দ্রে পরীক্ষা দিতে হবে। কোন অবস্থাতেই বিভাগ বা জেলা পরিবর্তন করে অন্য বিভাগ বা জেলার কেন্দ্রে পরীক্ষা দেয়া যাবে না।

১২. সকল প্রকার ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে করতে হবে। সাধারণ, বিজ্ঞান, মুজাব্বিদ ও হিফজুল কুরআন প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদাভাবে ড্রাফট করতে হবে।

১৩. কোন পরীক্ষার্থীর নাম ও পিতার নামের পার্শ্বে অর্জিত পদবী যেমন- জনাব, সাহেব, আলহাজ, হাজী, ক্বারী, অধ্যক্ষ, অধ্যাপক, শিক্ষক, মাস্টার, ডাক্তার, ডঃ, ম্যানেজার, মৌলভী, মাওলানা, হাফেজ, সারেং, মাঝি, সুকানী, মোসাম্মৎ, মিস, মিসেস ইত্যাদি লেখা যাবে না। তবে পিতার নামের অনুরূপ বংশীয় পদবী লিখা যাবে।

১৪. ক) SIF ফরম পূরণের সময় লক্ষ্য রাখতে হবে, যাতে ভুল না হয়।

খ) SIF ফরমে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন চলবে না।

গ) SIF ফরম পূরণে ভুলের কারণে ফলাফল প্রকাশে জটিলতা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

ঘ) SIF পূরণে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সহযোগিতা নেওয়া যাবে।

ঙ) কেন্দ্র কোড পূরণের সময় লক্ষ্য রাখতে হবে, যেন ভুল না হয়, পরবর্তীতে কেন্দ্র পরিবর্তন করলে SIF ফরম সংশোধন করা যাবে না।

১৫. এন্ট্রি ফরমে উল্লিখিত নিয়মিত/অনিয়মিত/মানউন্নয়ন কলামে মোটা করে টিক (√) মার্ক অবশ্যই প্রদান করতে হবে। প্রত্যেক গ্রুপের জন্য নির্ধারিত ফরম পূরণ করে জমা দিতে হবে।

১৬. কোন মাদরাসা প্রধান যদি অন্য প্রতিষ্ঠানের ৯ম শ্রেণীতে অধ্যয়নরত কোন ছাত্র/ছাত্রীকে অবৈধভাবে অথবা ডাবল রেজিস্ট্রেশন বা ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়, তাহলে ঐ মাদরাসা প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাসহ ঐ পরীক্ষার্থীর ফলাফল বাতিল করা হবে।

১৭. দাখিল, আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় যারা পরীক্ষক ও প্রধান পরীক্ষক, নিযুক্ত হতে ইচ্ছুক, তাদেরকে বোর্ডের নির্ধারিত ফরমে ৩১-১২-৯৮ তারিখের মধ্যে মাদরাসা প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে। মাদরাসা প্রধান পরীক্ষকদের আবেদনপত্র অগ্রায়ণপত্রসহ একসাথে প্রেরণ করবেন।

## বিশেষ দ্রষ্টব্য

- দাখিলা ফরম জমা দেওয়ার সময়সীমা কোন অবস্থাতেই বৃদ্ধি করা হবে না।
- ৩০-১১-৯৮ তারিখের মধ্যেই নির্বাচনী পরীক্ষা সমাপ্ত করতে হবে।
- মাদরাসা প্রতি ১০% অতিরিক্ত SIF ফরম সরবরাহ করা হবে।
- অতিরিক্ত SIF ফরম গ্রহণ করলে প্রতিটি SIF ফরমের জন্য ১০/- (দশ) টাকা হারে ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

**প্রফেসর মোঃ মতিউর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৫০০৬৫৪

পি-১৪৭৯/৯৮